

বিভিন্ন খাতে চ.বি.র ফি বৃদ্ধি

সারোয়ার ছাত্রদের সুখের, চ.বি. থেকে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত মধ্যমিত্ত ও নিম্নবিত্ত ছাত্রদের জীবন দুর্বিবহ হয়ে উঠেছে। সেশন জুড়ে বিধ্বস্ত চ.বি. শিক্ষার্থীদের ওপর 'মজুর উপর বাঁড়ার ঘা' হয়ে দেখা দিয়েছে। প্রশাসনের খোঁষিত নতুন বেতন কাঠামো। আগে এক থেকে দেড় হাজার টাকায় একজন ছাত্র তার ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করলেও চলতি শিক্ষাবর্ষ থেকে তার প্রয়োজন হবে প্রায় ৩ হাজার টাকা। সেশন ও পরিবহন এবং নির্মাণাধীন আইটি ভবন ফি বাবদ প্রত্যেক শিক্ষার্থীকে নতুন করে প্রায় দেড় হাজার টাকা দেয়া ছাড়াও বর্ধিত ফি পরিশোধ করতে হবে ফরম পূরণ, বিভাগ পরিবর্তন, সার্টিফিকেট উত্তোলন ও কম্পিউটার ব্যবহারসহ বিভিন্ন খাতে।

চলতি ২০০২-২০০৩ শিক্ষাবর্ষ থেকে চ.বিতে শিক্ষার্থীদের শিক্ষাব্যয় বিগণ বৃদ্ধি পেয়েছে। গত বছর সেশন, ফরম পূরণ ও পরিবহন খাতে মোট ৭৭' ৫০ টাকা থাকলেও এবার তা আশা করা হয়েছে। সেশন ও পরিবহন ফি বাবদ নতুন করে ৮৭' থেকে ৯৭' টাকা এবং প্রতি বর্ষে ফরম পূরণ বাবদ ৫৭' টাকা ধার্য করা হয়েছে। নির্মাণাধীন ভগ্নপ্রযুক্তি ভবন ফি (আইটি) বাবদ প্রতি শিক্ষার্থী থেকে নতুন করে ৭৭' টাকা নেয়া হচ্ছে। এছাড়া সার্টিফিকেট উত্তোলন ৪৭' টাকার স্থলে ৫৭' টাকা এবং ভর্তি পরীক্ষায় উত্তীর্ণদের বিভাগভিত্তিক ফরম পূরণ ফি ৩৭' টাকা থেকে ৫৭' টাকা বৃদ্ধি করা হয়েছে। ভর্তি প্রত্যাহার ফি বাবদও নতুন ছাত্রছাত্রীদের ১ হাজার টাকা পরিশোধ করতে হবে। এছাড়া, প্রতি বর্ষে হল থেকে পরীক্ষার ফরম

বিনামূল্যে বিতরণ করলেও এবার অযোগ্য ফি হিসেবে ছাত্রাবাস থেকে ১০ টাকা এবং ছাত্রনিবাস থেকে ২০ টাকা করে নেয়া হয়েছে।

প্রায় প্রতিটি খাতে চ.বি প্রশাসনের এমন বর্ধিত ফি'র মুখে বিশেষতঃ সাধারণ ছাত্রছাত্রীরা। কলা, বিজ্ঞান ও শাস্ত্র বিজ্ঞান অনুষদের ছাত্রছাত্রীরা আগে গড়ে এক থেকে দেড় হাজার টাকায় ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করলেও এবার প্রতিটি শিক্ষার্থীকে অতিরিক্ত আরও প্রায় দেড় থেকে ২ হাজার টাকা পরিশোধ করতে হচ্ছে। চলতি ২০০২-২০০৩ অর্থবছরে বিশ্ববিদ্যালয়ের ঘাটতি থাকা ৫ কোটি টাকার মাতল দিচ্ছে সাধারণ ছাত্রছাত্রীরা।

এদিকে, চ.বি কর্তৃপক্ষ দাবি করছেন, ১৯৯৩-৯৪ সালে শিক্ষা খাতে মোট বাজেটের ২ দশমিক ৫ ভাগ থাকলেও চলতি অর্থবছরে তা দশমিক ৪৫ ভাগে নেমে আসায় তারা ফি বাড়াতে বাধ্য হয়েছেন। এছাড়া শিক্ষানবসী এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনও অত্যন্ত ধীরে ধীরে আয় বৃদ্ধি করতে চাপ দিচ্ছে বলে সূত্র জানায়।